1. **সমবায় সমিতি নিবন্ধনঃ ক্ষু**দ্র সঞ্চয়, পুঁজি গঠন, লাভজনক খাতে পুঁজি বিনিয়োগ এবং শেয়ারের ভিত্তিতে মুনাফা বন্টন- এ আলোকে সমবায় সমিতি সংগঠনে উদ্‌বুদ্ধকরণ এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান মোতাবেক  সমবায় সমিতির উপ-আইন (গঠনতন্ত্র) এর সংশোধনী নিবন্ধনের জন্য সুপারিশসহ নিবন্ধক মহোদয় বরাবরে প্রেরণ করা ।
2. **বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনঃ** প্রত্যেকটি সমবায় সমিতি বছরে একবার নিরীক্ষা করা হয় এবং নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে তদমত্মপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সংশিস্নষ্ট সমিতির বিরম্নদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
3. **পরিদর্শনঃ** প্রত্যেক  মাসে নির্ধারিত সংখ্যক সমবায় সমিতি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে সংশিস্নষ্ট সমিতিকে পরামর্শ প্রদানসহ যথাযথ ক্ষেত্রে সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
4. **তদন্তঃ** সমবায় সমিতি বা উহার ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ আইনের বিধান মোতাবেক তদন্ত করতঃ দ্রুত প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
5. **বিরোধ নিষ্পত্তিঃ** আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমবায় সমিতির যাবতীয় বিরোধ নির্ধারিত কোর্ট ফি প্রাপ্তি সাপেক্ষে নিষ্পত্তি করা হয়।
6. **অবসায়ন ও নিবন্ধন বাতিল** ঃ আইন ও বিধি মোতাবেক অকার্যকর সমবায় সমিতি অবসায়নে ন্যস্ত করার সুপারিশ  ও   প্রযোজ্য ক্ষেত্রে অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিলের জন্য সুপারিশ করে নিবন্ধক মহোদয় বরাবরে প্রেরণ করা হয়।
7. **ব্যবস্থাপনা কমিটি নিয়োগ ও বহিস্কার** ঃ আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতিতে অমত্মর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয় এবং ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত সাপেক্ষে প্রমাণিত হলে দায়ী ব্যবস্থাপনা কমিটি বা উহার সদস্যকে বহিস্কার করার জন্য সমবায় সমিতির নিবন্ধক বরাবর সুপারিশসহ প্রেরণ করা হয়।
8. **নির্বাচন কমিটি নিয়োগঃ** সকল কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার বেশী পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিটি নিয়োগ প্রদানের সুপারিশসহ নিবন্ধক মহোদয় বরাবর প্রেরণ করা হয়।
9. **নির্বাচন সংক্রান্ত** ঃ প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে তাদের মনোনয়নপত্রে স্বাক্ষর পূর্বক সঠিকতা যাচাই করা হয়।
10. **নন-ট্যাক্স রাজস্ব আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক নিবন্ধন ফি এবং বার্ষিক নিরীক্ষা ফি (সমিতির বার্ষিক নীট লাভের ১০০ টাকা বা উহার অংশ বিশেষের জন্য ১০ টাকা হারে সর্বোচ্চ ১০০০০ টাকা) ধার্য ও আদায় করা হয়।
11. **সমবায় উন্নয়ন তহবিল আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক বার্ষিক নিরীক্ষার ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিল (নীট লাভের ৩% হারে) ধার্য ও আদায় করা হয়।
12. **প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহঃ** বিধি মোতাবেক কোর্ট ফিসহ আবেদন প্রাপ্তি সাপেক্ষে এ দপ্তরে সংরক্ষিত সমবায় সমিতির যে কোন রেকর্ড বা দলিলের প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহ করা হয়।
13. **বার্ষিক বাজেট অনুমোদনঃ** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদনের জন্য নিবন্ধক মহোদয় বরাবর সুপারিশসহ দাখিল করা হয়।
14. **বার্ষিক বিনিয়োগ প্রস্তাব অনুমোদনঃ** প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বার্ষিক ৫ (পাঁচ) লক্ষ্যে এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে বার্ষিক ১০(দশ) লক্ষ টাকার বেশী বিনিয়োগের প্রকল্প প্রস্তাব আইন ও বিধি মোতাবেক অনুমোদনের জন্য সুপারিশসহ  নিবন্ধক মহোদয় বরাবর প্রেরণ করা হয়।
15. **প্রশিক্ষণঃ**  উপজেলাধীন নিবন্ধন প্রত্যাশি প্রত্যেকটি সমবায় সমিতির সদস্যগণকে **সমবায়** এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান সম্পর্কে নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ প্রদান করা হয়। আগ্রহী সমবায় সমিতিগুলোকে  ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় হিসাব সংরক্ষণ ও সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত

প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়া বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট, খুলনায় সমবায় ব্যবস্থাপনা, হিসাব রক্ষণ পদ্ধতি, আয়-বর্ধক ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে উপজেলাধীন সমবায়ীগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। প্রশিক্ষণকালে সঞ্চয়ের গুরুত্ব ও পুঁজি গঠণের কৌশলসহ সমবায়ীগণকে বিভিন্ন সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়, সমস্যা ও সমাধান সম্পর্কে সচেতনতা সৃষ্টি, ধারণা বিনিময় ও নাগরিক দায়িত্ব সম্পর্কে অনুপ্রাণিত করা হয়।

16. **তদারকি ও পরিচর্যাঃ** উপজেলাধীন অধিক কার্যকর সমবায় সমিতিগুলোকে মাসিক ভিত্তিতে তদারকি ও পরিচর্যা করা হয়। আর্থ-সামাজিক উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে এ সমিতিগুলোকে পরামর্শ প্রদান করা হয়।
17. **আশ্রয়ন প্রকল্পঃ** উপজেলাধীন ১টি আশ্রয়ন, ০৩টি আশ্রয়ন (ফেইজ-২)সহ মোট ০৪টি প্রকল্পে প্রদত্ত ঋণের সাপ্তাহিক কিস্তি আদায় করা হয়।
18. **অন্যান্য প্রকল্পঃ** এলজিইডি ও সমবায় অধিদপ্তর কর্তৃক যৌথভাবে ক্ষুদ্র পানি ব্যবস্থাপনা প্রকল্প (চলমান) এর বাসত্মবায়ন কাজ করা হয়।
19. **সমবায় বাজারঃ** উৎপাদক ও ভোক্তার ক্ষেত্রে ন্যায্য মূল্য নিশ্চিত করতে উপজেলায় ০২টি সমবায় বাজার চালু করা হয়েছে।
20. **অভিযোগ নিষ্পত্তিঃ** সমবায় সমিতি কিংবা বিভাগীয় কর্মচারীর বিরম্নদ্ধে প্রাপ্ত যে কোন অভিযোগ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি করা হয়।
21. **সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালনঃ** নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী সমবায় সমিতি আইন ও বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা হয়।
22. **বিভাগীয় আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালনঃ** যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী জেলা সমবায় কার্যালয়, যশোর এর নিয়ন্ত্রণে বিভাগীয় দায়িত্ব পালন, উপজেলা সমবায় কার্যালয় নিয়ন্ত্রণ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা হয়।
23. **উন্নয়ন সমন্বয়কের দায়িত্ব পালনঃ** বাঘারপাড়া উপজেলা সমবায় কার্যালয়ের নির্বাহী প্রধান হিসেবে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সমবায় অধিদপ্তরের যাবতীয় কর্মকান্ডের সমন্বয় সাধন করা হয়।
24. **তথ্য প্রদানঃ** প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত আবেদনের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য প্রদান করা হয়।
25. **জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়নঃ** উপজেলা সমবায় কার্যালয় নিয়মিতভাবে অনলাইনে জাতীয় ই-সেবা সিস্টেমে দাপ্তরিক কার্য সম্পাদন করা হয়ে থাকে।
26. প্রতি মাসের প্রথম রবিবার গণশুনানী গ্রহণ করা হয়।